

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম এম/আই এস বিভাগ-২, ঢাকা।			
ডায়েরী নং- ৭৫৬	তারিখঃ- ২৫/৩/২৪	প্রোগ্রামারীঃ- ৩	
সং. প্রঃ	সঃ প্রঃ	উঃ বিঃ প্রঃ	নিঃ প্রঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর  
হিসাব শাখা-১  
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।  
www.pwd.gov.bd



জরুরি  
সীমিত

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.১৯৪.০৯.১৮৬

তারিখ: ৩০ ফাল্গুন ১৪৩০

১৪ মার্চ ২০২৪

বিষয়: টাঙ্গাইলবাবগঞ্জ জেলার মহানন্দায় শেখ হাসিনা সেতু সংলগ্ন এলাকায় পর্যটন কেন্দ্র নির্মাণ শীর্ষক প্রকল্পের কাজের জন্য চেকের মাধ্যমে অর্থ বরাদ্দ।

সূত্র: মহাব্যবস্থাপক (অর্থ), বাংলাদেশ পর্যটন করপোরেশন, ঢাকার স্মারক নং/৪৮১ তারিখঃ-১২/০৩/২০২৪খ্রীঃ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে খরচ করার জন্য ৯৭.৫০ লক্ষ (সাতানব্বই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র বরাদ্দ করা হলো।

উক্ত খরচ সূত্রস্থ স্মারকের মাধ্যমে মহাব্যবস্থাপক (অর্থ), বাংলাদেশ পর্যটন করপোরেশন, ঢাকা কর্তৃক চেকের মাধ্যমে ৯৭.৫০ লক্ষ টাকা প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ন্যস্ত করেছেন। যার চেক নং-সিডি এসি ২৩৯৬৭২৭ তারিখঃ-০৭/০৩/২০২৪খ্রীঃ, ব্যাংক এশিয়া, তেজগাঁও লিংক রোড শাখা, ঢাকা। প্রধান প্রকৌশলী মহোদায় চেকে পৃষ্ঠাংকন করতঃ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হলো।

উক্ত চেকের অর্থ সকল প্রকার আর্থিক বিধি বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পালন পূর্বক ব্যয় করতে হবে। চেক প্রাপ্তির স্বীকৃতি পত্র ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে এ দপ্তরে দাখিল করতে হবে। উক্ত ব্যয় খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণ করতে হবেঃ

০১। প্রত্যাশি সংস্থার সহিত যোগাযোগ পূর্বক অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।

০২। কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।

০৩। বরাদ্দকৃত অর্থ চলতি আর্থিক সালের মধ্যে ব্যয় করতে হবে এবং খরচের হিসাব বিবরণী এ দপ্তরে/ প্রত্যাশি সংস্থার নিকট দাখিল করতে হবে।

০৪। বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।

সংযুক্তিঃ-চেক নং-নং-সিডি এসি ২৩৯৬৭২৭ তারিখঃ-০৭/০৩/২০২৪খ্রীঃ,

ব্যাংক এশিয়া, তেজগাঁও লিংক রোড শাখা, ঢাকা।

টাকার পরিমাণঃ-৯৭.৫০ লক্ষ।

১/১/২৪

২০-৩-২০২৪

মোঃ সাখাওয়াৎ হোসেন

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

ফোন: ০২২২৩৩৮৮৯১৪

নির্বাহী প্রকৌশলী

টাঙ্গাইলবাবগঞ্জ গণপূর্ত বিভাগ, টাঙ্গাইলবাবগঞ্জ

ইমেইল: se\_coord@pwd.gov.bd